

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৯৩-আইন/২০২৫/১৫/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, স্থানীয়ভাবে ই-বাইক (Two Wheeler) ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনের লক্ষ্যে উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত-

- (ক) TABLE-1 ও TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশকে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণ মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ; এবং
- (খ) TABLE-3 ও TABLE-4 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত H.S. Code এর বিপরীতে কলাম (3) তে বর্ণিত উপকরণকে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস ডিউটি (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, ও

রেগুলেটরি ডিউটি, সমুদয় সম্পূরক শুল্ক, যদি থাকে, মূল্য সংযোজন কর, আগাম কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

Heading (1)	H.S. Code (2)	Description (3)
25.13	2513.10.00	Pumice Stone
28.07	2807.00.00	Sulphuric acid
28.29	2829.11.00	Sodium chlorate
28.33	2833.29.90	Tin sulphate
	2833.40.00	Sodium per sulphate
28.41	2841.61.00	Potassium Permanganate
	2841.69.00	Sodium permanganate
28.43	2843.30.00	Gold (GPC)
32.09	3209.90.90	Varnishes; Conformal Coating
34.02	3402.49.10	Defoaming agent
35.06	3506.99.00	Thermal irresponsive glue; Thermal

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
		pest; Heat Sink glue; White glue
37.01	3701.30.00	Unexposed photosensitive plate
37.02	3702.42.00	Unexposed photo Sensitive emulsion film
	3702.98.00	Unexposed photosensitive film
37.07	3707.90.00	Photographic chemical
38.10	3810.90.90	HASL (Hot Air Solder Liquide) Flux; Soldering Cleaner; Soldering Flux; Solder paste
38.14	3814.00.90	Reducer
38.24	3824.99.99	Electroplating salts; Electroplating chemicals; Alkaline Etchant, Tin stripper, Resist, Striper; Thermal Paste; Adhesive; Pumice Powder
74.03	7403.19.00	Copper anode ball
74.10	7410.11.00	Copper foil
78.01	7801.10.00	Refined lead
80.01	8001.20.00	Tin alloy/solder bar
80.03	8003.00.00	Pure tin anode; Solder Tin Bar
83.02	8302.50.00	Fixture/Bracket
83.11	8311.30.00	Soldering Wire
	8311.90.00	Solder lead bar; Welding Wire
84.23	8423.82.90	Sensor
85.12	8512.30.00	Buzzer/Siren
85.31	8531.20.00	Indicator LED; 7 segment display; Indicator Panel
85.32	8532.22.00	Aluminum Electrolytic Capacitor
85.32	8532.23.00	Ceramic Dielectric, Single layer Capacitor
	8532.24.00	Ceramic Dielectric, Multi-layer Capacitor
	8532.29.90	Capacitor
85.33	8533.29.00	Resistor
	8533.40.00	Variable Resistors/Potentiometers
85.35	8536.20.00	Automatic Circuit breakers
85.36	8536.10.00	Fuse; Thermal cutoffs (thermal fuses)
	8536.49.90	Relay
	8536.50.00	Air Switch; Anti-Theft Alarm; Lock (Set); Grip Switch; Park Button (Left Grip Switch); Light-Operated Switch; Tactile Button; Exit Button
	8536.69.00	2 pin connector plugs; Sockets; Wire terminals/fasten terminals; Fuse Holders; Silicone plug
85.41	8541.10.00	Diode
	8541.29.00	Transistor
	8541.41.00	Light Emitting Diodes (LED)

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
	8541.51.00	Vibration Sensor
	8541.60.00	Crystal oscillator
85.42	8542.39.90	CPU chips; Integrated circuit
85.43	8543.70.90	RF Receiver Module
85.44	8544.42.00	Cable fitted with connector; Cables (phase & signal wires)

TABLE-2

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
32.08	3208.10.20	Insulating Varnish
39.03	3903.30.00	Acrylonitrile butadiene styrene (ABS); ABS Resin
39.07	3907.30.00	Epoxide Resins
39.19	3919.10.00	Winding termination tape
39.20	3920.20.90	Separation Sheet
39.26	3926.90.99	Cable Tie; Wire Winding Tube, Plastic Casing
48.11	4811.90.29	Insulation Paper
72.09	7209.16.90	MS Sheet (Of a thickness of 0.5 mm or more but not exceeding 1 mm)
72.15	7215.90.00	Non alloy bars and rods, other bars and rods
72.22	7222.20.00	SS (Stainless Steel) bars and rods
72.26	7226.11.00	Silicon Steel
73.25	7325.10.00	Cast Iron
73.18	7318.15.90	Allen Bolts
74.08	7408.19.00	Copper Wire; Jumper wire; Copper Winding Wire
84.82	8482.10.00	Bearings; Steering Bearings; Ball Bearing
85.03	8503.00.30	Motor Bush
85.05	8505.11.00	Permanent Magnets; Magnet (Neodymium)
85.36	8536.90.90	Connector
85.42	8542.31.90	Hall sensor
85.44	8544.11.00	Winding Wire (Enameled Round copper wire)

TABLE-3

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
72.08	7208.27.00	Hot rolled sheet (Of a thickness exceeding 10 mm)
	7208.39.00	Flat Steel
	7208.52.00	Hot rolled Sheet (Of a thickness of 3 mm or more but less than 4.75 mm)
	7208.53.00	Hot rolled Sheet (Of a thickness of less than 3 mm)
72.09	7209.15.00	Cold rolled sheet (Of a thickness of 3 mm or more)
	7209.16.90	Cold rolled sheet
	7209.25.00	Sheet metal (Of a thickness of 3 mm or more)
72.12	7211.19.00	Hot Rolled Steel in Coil ((Thickness less Than 4.75mm))
	7212.50.90	Plated or coated iron or non-alloy steel
72.14	7214.10.00	Metal Rods / Bars (Forged)
	7214.20.00	Metal Rods / Bars (Hot-Rolled)
72.15	7215.10.00	Metal rods/bars free cutting (cold finished)
	7215.90.00	Metal Rods / Bars free-cutting (Cold-Finished)
72.21	7221.00.00	Bars and rods, hot rolled, in irregularly wound coils, of Stainless steel
72.22	7222.20.00	SS (Stainless Steel) bars and rods
72.24	7224.90.00	Semifinished alloy product
72.25	7225.92.00	Zinc plated or coated flat rolled products
72.27	7227.90.90	Other bars and rods
72.28	7228.70.00	Angles, shapes and sections
73.04	7304.51.00	Seamless Tubes / Pipes / Hollow Profiles
73.06	7306.30.00	Electric Resistance Welded (ERW)
	7306.40.00	Precision Tubes or Pipes
	7306.50.00	
	7306.61.00	
	7306.69.00	
	7306.90.00	Other tubes, pipes and hollow profiles (for example, open seam or welded riveted or similarly closed of iron or steel; Other

TABLE-4

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
27.12	2712.10.00	Vaseline (Anti-corrosion Oil)

28.11	2811.29.10	Silica gel
32.06	3206.19.20	Color Masterbatch
32.08	3208.90.90	Powder Coating; Pretreatment chemicals for painting operations
32.09	3209.10.00	Water-based Electrophoresis Pigment
	3209.90.90	Varnishes
39.02	3902.10.00	Polypropylene
	3902.30.00	Polypropylene copolymers
39.03	3903.19.00	Polystyrene (GPPS)
	3903.20.00	Styrene-acrylonitrile (SAN) copolymers
39.06	3906.10.00	PMMA (Poly methyl methacrylate) Resin; Poly (methyl methacrylate)
	3907.29.00	Other polyethers
39.07	3907.40.00	Polycarbonate (PC) Resin
39.08	3908.10.00	Polyamide
	3908.90.00	Glass filled (GF) nylon
39.09	3909.40.00	Phenolic resin
	3909.50.00	Polyurethanes
39.10	3910.00.00	Silicones in primary forms
39.17	3917.23.10	PVC shrinkable tube (plain)
39.19	3919.90.99	Adhesive sticker
39.21	3921.90.99	Sticker
40.11	4011.40.00	Tyre
40.16	4016.93.00	Rubber Seals, Sealing gaskets & O-rings; washers
59.03	5903.10.90	Synthetic leather/vinyl (PVC or PU coated fabric)
70.09	7009.10.00	Mirror
72.05	7205.10.00	Steel Shot
72.08	7208.10.00	Hot rolled Sheet
72.09	7209.16.90	MS Sheet (Of a thickness of 0.5 mm or more but not exceeding 1 mm)
	7209.17.90	Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness exceeding 0.5mm or more but not exceeding 1mm
	7209.18.00	Cold rolled flat-rolled products of iron or non-alloy steel in coils of a thickness of less than 0.5 mm
72.17	7217.10.00	Wire of iron (Non alloy steel)
73.15	7315.11.20	Roller Chain
	7315.19.00	Chain clip; Parts of chain
73.17	7317.00.00	Staples
	7318.19.00	Fasteners
73.18	7318.23.90	Rivets
73.20	7320.20.00	Spring
76.01	7601.10.00	Aluminum Ingot
	7601.20.00	Aluminum alloy

76.04	7604.29.00	Bars, rods and profile of aluminum alloy
76.05	7605.29.00	Copper clad aluminum wire
83.02	8302.30.00	Rear fork protective board bracket; Rear fender bracket; Front disc brake bracket; Rear disc brake bracket; Back rest bracket; Front wall bracket; Rear License Plate
84.84	8484.10.00	Gaskets/O-Rings
85.04	8504.40.10	USB Charger
	8504.40.90	Charger, Converters
85.06	8506.90.90	Steel shell; PET insulating mat; High temperature adhesive tape(anode); High temperature adhesive tape(cathode); PET spacing ring (Up)
85.07	8507.90.90	Lux connector; Separator
85.12	8512.20.00	Taillight; Headlight; Turning Light; License Plate Light
	8512.30.00	Horn
85.43	8543.70.10	Remote Controllers
85.43	8543.70.90	Receiver
85.44	8544.30.00	Wiring Harness
	8544.49.00	Phase Wire Leads; Sensor Signal Wires
85.46	8546.90.00	Insulator
87.14	8714.10.10	Saddles
	8714.10.90	Rear Grab Handle Mount Holes; Arm brake rear; Brake shoe; Bush; Chain adjuster; Flasher
	8714.92.90	Wheel RIM
	8714.99.00	Hub shell, axle, casing
90.25	9025.19.00	Side Sensor
90.29	9029.90.00	Speedometer
90.31	9031.80.00	Encoder
94.01	9401.20.10	Seat

শর্তাবলি

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে হইবে;

ব্যাখ্যা।-

- (অ) Industrial IRC holder অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) VAT compliant প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে;

তবে শর্ত থাকে যে, কোনো দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(৩) TABLE-1 এর পণ্য ব্যবহার করে ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাধ্যতামূলকভাবে-

(ক) Printed Circuit Board (PCB) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। এলক্ষ্যে ন্যূনতম নিম্নবর্ণিত যন্ত্রপাতিসমূহ সমন্বয়ে কমপক্ষে চার লেয়ার PCB Manufacturing project নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে, যথা:-

- (ক) Drilling Machine;
- (খ) Routing Machine;
- (গ) Exposing machine;
- (ঘ) Automated Optical Inspection (AOI) machine;
- (ঙ) ETP;

(খ) Printed Circuit Board Accessories (PCBA) উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে ন্যূনতম Surface Mounting Technology (SMT) এর যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(৪) TABLE-2 এর পণ্য ব্যবহার করে ই-বাইক পণ্য ও এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে নিজস্ব ই-বাইকে ব্যবহারের উদ্দেশ্যে ইলেক্ট্রিক মোটর উৎপাদন করিতে নিম্নোক্ত প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে, যথা:-

(ক) Blank Stator হতে Stator with Winding wire উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে এবং এলক্ষে, নিম্নবর্ণিত ন্যূনতম যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে, যথা:-

- (ক) Glass paper inserting machine;
- (খ) Copper wire winding machine;
- (গ) Forming machine; এবং
- (ঘ) Varnish dryer machine;

(খ) Blank Rotor হতে Shaft ও Rotor সংযুক্ত করে পূর্ণাঙ্গ Rotor উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে এবং এলক্ষে, নিম্নবর্ণিত ন্যূনতম যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে, যথা:-

- (ক) Straight machine;
- (খ) Power press machine (Various types);
- (গ) Gear side cutting machine;
- (ঘ) Milling machine;
- (ঙ) Die-Casting machine; এবং
- (চ) Joining machine;

(গ) Spindle তৈরির লক্ষ্যে ন্যূনতম যন্ত্রপাতিসমূহ নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে, যথা:-

- (ক) Lathe machine (Various size);
- (খ) Heat treatment machine;

(৫) ই-বাইক/ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের বাধ্যতামূলকভাবে নিজস্ব উৎপাদিত বডি (body) পার্টসমূহ চেসিস ওয়েল্ডিং শপে প্রয়োজনীয় মেশিন, যেমন: CNC Tube Bender, Tube Notcher, Welding Machine, Hydraulic Press, Plasma Cutter /CNC Laser Cutter নিজস্ব প্রাঙ্গণে স্থাপনপূর্বক পূর্ণাঙ্গ বডি (body) তৈরি করিতে হইবে।

(৬) উৎপাদনকারী প্রতিষ্ঠানের Electro Deposition (ED) ও প্রাইমার কোটসহ সকল পর্যায়ে রঙ করিবার জন্য নিজস্ব প্রাঙ্গণে স্থাপিত পেইন্ট শপ থাকিতে হইবে, উক্ত পেইন্ট শপে সকল প্রকার পেইন্ট কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

- (৭) ই-বাইক (টু-হইলার) ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনে Basic Raw Material হিসাবে ব্যবহৃত Plain Metal Sheet/Flat-rolled Products Seamless Tube/Pipe/Rod/Bars/ Hollow Profile অথবা সমজাতীয় কাঁচামাল সহযোগে চেসিসের ক্ষুদ্র অংশ বা অংশবিশেষ যেমনঃ Shock Absorber, Swing Arm, Handle Bar উৎপাদন করিতে হইবে এবং সে লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানার প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;
- (৮) পণ্যের মান নিয়ন্ত্রণের জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব Testing Lab থাকিতে হইবে, অথবা মান নিয়ন্ত্রণের জন্য কোনো স্বীকৃত Testing Lab এর সহিত চুক্তিবদ্ধ হইতে হইবে;
- (৯) ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠান নিজস্ব উৎপাদিত ব্যাটারি ই-বাইক উৎপাদনের উপকরণ হিসেবে ব্যবহার করিতে পারিবে অথবা ইলেক্ট্রিক ভেইক্যাল পণ্যের উৎপাদনে ব্যবহৃত ব্যাটারি কাঁচামাল হিসেবে স্থানীয় সরবরাহের মাধ্যমে ক্রয় করিতে পারিবে;
- (১০) ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা, বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশগত নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে এবং সে লক্ষ্যে উৎপাদনকারীর অনুকূলে পরিবেশগত ছাড়পত্র থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পরিপালন করিতে হইবে এবং তদানুযায়ী প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন কার্যক্রম সম্পন্ন হইবে মর্মে ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অঙ্গিকারনামা প্রদান পূর্বক আনুসঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন দাখিল করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন আবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব কর্তৃক নিম্নরূপ একটি কমিটি গঠিত হইবে, যথা-

- (ক) দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- (খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
- (গ) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি;
- (ঘ) বাংলাদেশের যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন যথোপযুক্ত প্রতিনিধি।

৪। অনুচ্ছেদ-৩ এর মাধ্যমে গঠিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিন যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **পরিশিষ্ট-১** অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে; উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৫। ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী কর্তৃক প্রতি একক ই-বাইক উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কী কী উপকরণ কী পরিমাণে আবশ্যিক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে এবং কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন, **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে।

৬। এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **পরিশিষ্ট-২** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীন যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে পদস্থ সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিন পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

৭। অনুচ্ছেদ ৬ এর অধীন মূল্য সংযোজন কর কমিশনার কর্তৃক যাচাইকালে যদি তাহার নিকট প্রতীয়মান হয় যে, উক্ত প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিতেছে, তাহা হইলে উহার বিরুদ্ধে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও কাস্টমস আইন, ২০২৩ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড মূল্য সংযোজন কর অব্যাহতির সুবিধা বাতিল করিতে পারিবে।

৮। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-১

[অনুচ্ছেদ ৪ দ্রষ্টব্য]

কারখানা পরিদর্শন প্রতিবেদন

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত -----খ্রি. তারিখ----- নামীয় ই-বাইক ও ই-বাইক এক্সেসরিজ উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করিয়াছি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

- ১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
- ২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :
- ৩। মালিক/স্বত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :
- ৪। আয়কর সনদ নম্বর (TIN) :
- ৫। জমি ও ভবনের বিবরণ :
 - (ক) জমি ও ভবন নিজস্ব কিনা :
 - (খ) মোট জমির পরিমাণ :
 - (গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন :
 - (ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি :

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে ই-বাইক/ই-বাইক এক্সেসরিজ উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৯৩-আইন/২০২৫/১৫/কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৫ খ্রিস্টাব্দ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার
নাম ও স্বাক্ষর
তারিখ:

শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির
নাম ও স্বাক্ষর
তারিখ:

জাতীয় রাজস্ব বোর্ডের
প্রতিনিধির নাম ও স্বাক্ষর
তারিখ:

পরিশিষ্ট-২

[অনুচ্ছেদ ৫ ও ৬ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ই-বাইক/ই-বাইক এক্সেসরিজ উপকরণ/কৌচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:

২। ঠিকানা:

৩। মুসক নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের নাম ও H.S. Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কৌচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কৌচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কৌচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান
নির্বাহী কর্মকর্তা/স্বত্বাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।